5

দৈনিক ইত্তেফাক

তারিখ 07 MAR 1996
পৃষ্ঠা ৩ কলাম ৪

## হাইমচরে উপ-আনুষ্ঠানিক শিক্ষা কেন্দ্রগুলি বন্ধ

চাঁদপুর সংবাদদাতা ॥ গত ২৮শে ফেব্রুয়ারী হইতে হাইমচর থানার মেঘনার পশ্চিম পাড়ে ঈশানবালার ১০টি উপ-আনুষ্ঠানিক শিক্ষা কেন্দ্র বন্ধ হইয়া গিয়াছে। ফলে এই এলাকার প্রায় ৩ হাজার শিশু প্রাথমিক শিক্ষা হইতে বঞ্চিত হইতেছে। জানা গিয়াছে যে, গালের হাট যুব সংঘ ঈশানবালার

(৪র্থ পৃঃ দ্রঃ)

### হাইমচরে

( ৩য় পৃঃ পর )

শতকরা ৯৫ জন কৃষক, জেলে ও বর্গাচাষীদের ছেলেমেয়েদের শিক্ষার জন্য ৫ বৎসর মেয়াদী উপ-আনুষ্ঠানিক শিক্ষা কেন্দ্রগুলি চালু করে। গত ৩১শে ডিসেম্বর উক্ত কেন্দ্রগুলির মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর কেন্দ্রগুলি বন্ধ হইয়া যায়। ফলে শিশু শ্রেণী হইতে তৃতীয় শ্রেণী পর্যন্ত প্রায় ৩ হাজার শিশু প্রাথমিক শিক্ষা হইতে বঞ্চিত হইতেছে।